গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়, চট্টগ্রাম
(প্রশাসনিক বিভাগ)

আদেশ নং- ১২৪/প্র. বি. তারিখ ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ / ১২ জুন ২০২৪ খ্রি.

হাটহাজারী সহকারী জজ আদালত, সদর, চট্টগ্রামের ২৯/০৫/২০২৪ খ্রি. তারিখের ৪৫ নং স্মারকপত্র পর্যালোচনা করা হইল। স্মারকপত্র পর্যালোচনাক্রমে দেখা যায়, বর্ণিত আদালতের অপর- ১৯৮৪/২১ নং মামলাটির মূল্যমান (Valuation) ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা হওয়ায় মামলাটি উক্ত আদালতের আর্থিক এখতিয়ার বহির্ভূত হয়।

এমতাবস্থায়, মামলাটি হাটহাজারী থানার অন্তর্গত হওয়ায় এবং উক্ত আদালতের আর্থিক এখতিয়ার বহির্ভূত হওয়ায় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ এর ৯ অগ্রহায়ণ ১৪১৭ বঙ্গাব্দ/২৩ নভেম্বর ২০১০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী স্থানীয় অধিক্ষেত্র হিসাবে বর্ণিত মামলাটি উক্ত আদালত হইতে প্রত্যাহারক্রমে বিজ্ঞ যুগ্ম জেলা জজ, ৩য় আদালত, সদর, চট্টগ্রামে বদলি করা হইল।

বর্ণিত অপর- ১৯৮৪/২১ নং মামলাটি যুগ্ম জেলা জজ, ৩য় আদালত, সদর, চট্টগ্রামে বিধিমতে জরুরি ভিত্তিতে প্রেরণ করার জন্য সিনিয়র সহকারী জজ, হাটহাজারী আদালত, সদর, চট্টগ্রাম-কে নির্দেশ প্রদান করা হইল।

জানানো হউক।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ ভূঞা)
সিনিয়র জেলা জজ
চট্টগ্রাম।
১২/০৬/২০২৪ খ্রি.।

স্মারক নং- ৩৩০( ৪ )/২০২৪, প্র. বি. তারিখ ঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ / ১২ জুন ২০২৪ খ্রি.

আদেশের অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ

১। যুগ্ম জেলা জজ, ৩য় আদালত, চট্টগ্রাম।
২। হাটহাজারী সহকারী জজ আদালত, সদর, চট্টগ্রাম।
৩। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, চট্টগ্রাম।
৪। অনলাইন কপি।
৫। আদেশ বহি/অফিস কপি।

জেলা জজের আদেশক্রমে
(অঞ্জন কুমার চৌধুরী)
প্রশাসনিক কর্মকর্তা
জেলা জজ আদালত, চট্টগ্রাম।
১২/০৬/২০২৪ খ্রি.

CamScanner